



কাফ

Qaaf

ق

পবন করুণাময় ও অসিম
দয়ালু আল্লাহর নামে শুরু
করছি

In the name of Allah,
Most Gracious, Most
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. কাফ! সম্মানিত
কোরআনের শপথ;

1. Qaaf. By the
glorious Quran.

ق وَالْقُرْآنِ الْمَجِيدِ

2. বরং তারা তাদের মধ্য
থেকেই একজন ভয়
প্রদর্শনকারী আগমন
করেছে দেখে বিস্ময় বোধ
করে। অতঃপর কাফেররা
বলে: এটা আশ্চর্যের
ব্যাপার।

2. But they wonder
that there has come to
them a warner from
among themselves, so
the disbelievers say:
“This is a strange
thing.”

بَلْ عَجِبُوا أَنْ جَاءَهُمْ مُنْذِرٌ
مِّنْهُمْ فَقَالَ الْكٰفِرُونَ هَذَا شَيْءٌ
عَجِيبٌ

3. আমরা মরে গেলে এবং
মৃতিকায় পরিণত হয়ে
গেলেও কি পুনরুত্থিত হব?
এ প্রত্যাবর্তন সুদূরপরাহত।

3. “Is it when we are
dead and have become
dust. That is a far
return.”

إِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا ذَلِكَ رَجْعٌ
بَعِيدٌ

4. মৃত্তিকা তাদের কতটুকু
গ্রাস করবে, তা আমার
জানা আছে এবং আমার
কাছে আছে সংরক্ষিত
কিতাব।

4. Surely, We know
what the earth
diminishes from them,
and with Us is a Book
preserved.

قَدْ عَلِمْنَا مَا تَنْقُصُ الْأَرْضُ
مِنْهُمْ وَعِنْدَنَا كِتَابٌ حَفِيفٌ

5. বরং তাদের কাছে সত্য
আগমন করার পর তারা
তাকে মিথ্যা বলছে। ফলে
তারা সংশয়ে পতিত
রয়েছে।

5. But they have
denied the truth when
it came to them, so
they are in a
confused state.

بَلْ كَذَّبُوا بِالْحَقِّ لَمَّا جَاءَهُمْ
فَهُمْ فِي أَمْرٍ مَّرِيجٍ

6. তারা কি তাদের উপরস্থিত আকাশের পানে দৃষ্টিপাত করে না আমি কিভাবে তা নির্মাণ করেছি এবং সুশোভিত করেছি? তাতে কোন ছিদ্রও নেই।

6. Have they not then looked at the heaven above them, how we made it, and adorned it, and there are not any rifts in it.

أَفَلَمْ يَنْظُرُوا إِلَى السَّمَاءِ فَوْقَهُمْ
كَيْفَ بَنَيْنَاهَا وَزَيَّنَّاهَا وَمَا لَهَا مِنْ
فُرُوجٍ ﴿٦﴾

7. আমি ভূমিকে বিস্তৃত করেছি, তাতে পর্বতমালার ভার স্থাপন করেছি এবং তাতে সর্বপ্রকার নয়নাভিরাম উদ্ভিদ উদগত করেছি।

7. And the earth We spread out, and We set in it firm mountains, and We caused to grow in it (things) of every beautiful kind.

وَالْأَرْضَ مَدَدْنَاهَا وَأَلْقَيْنَا فِيهَا
رَوَاسِيَ وَأَنْبَتْنَا فِيهَا مِنْ كُلِّ زَوْجٍ
بِهَيْجٍ ﴿٧﴾

8. এটা জ্ঞান আহরণ ও স্মরণ করার মত ব্যাপার প্রত্যেক অনুরাগী বান্দার জন্যে।

8. An insight and a reminder for every penitent slave.

تَبْصِرَةً وَذِكْرًا لِكُلِّ عَبْدٍ
مُنِيبٍ ﴿٨﴾

9. আমি আকাশ থেকে কল্যাণময় বৃষ্টি বর্ষণ করি এবং তদ্বারা বাগান ও শস্য উদগত করি, যেগুলোর ফসল আহরণ করা হয়।

9. And We sent down from the sky blessed water, then We produced thereby gardens and harvest grain.

وَنَزَّلْنَا مِنَ السَّمَاءِ مَاءً مُبَارَكًا
فَأَنْبَتْنَا بِهِ جَنَّاتٍ وَحَبَّ الْحَصِيدِ ﴿٩﴾

10. এবং লম্বমান খর্জুর বৃক্ষ, যাতে আছে গুচ্ছ গুচ্ছ খর্জুর,

10. And lofty palm trees having fruit arranged in clusters.

وَالنَّخْلَ بَسِقَاتٍ لَهَا طَلْعٌ
نَّضِيدٌ ﴿١٠﴾

11. বান্দাদের জীবিকাস্বরূপ এবং বৃষ্টি দ্বারা আমি মৃত জনপদকে সঞ্জীবিত করি। এমনিভাবে পুনরুত্থান ঘটবে।

11. A provision for the slaves. And We give life thereby to a dead land. Thus will be the resurrection.

رِزْقًا لِّلْعِبَادِ وَأَحْيَيْنَا بِهِ بَلْدَةً
مَيِّتًا كَذَلِكَ الْخُرُوجُ ﴿١١﴾

12. তাদের পূর্বে মিথ্যাবাদী বলেছে নূহের

12. The people of Noah denied before them,

كَذَّبَتْ قَوْمُ نُوحٍ

সম্প্রদায়, কুপবাসীরা এবং সামুদ সম্প্রদায়।

and the dwellers of Rass and Thamud.

وَأَصْحَابِ الرَّسِّ وَثَمُودَ ﴿١٢﴾

13. আদ, ফেরাউন, ও লূতের সম্প্রদায়,

13. And Aad and Pharaoh and the brethren of Lot.

وَعَادٌ وَفِرْعَوْنُ وَإِخْوَانُ لُوطٍ ﴿١٣﴾

14. বনবাসীরা এবং তোকা স সম্প্রদায়। প্রত্যেকেই রসূলগণকে মিথ্যা বলেছে, অতঃপর আমার শাস্তির যোগ্য হয়েছে।

14. And the dwellers of Aiykah and the people of Tubba. Every one denied the messengers, so My threat proved true.

وَأَصْحَابِ الْأَيْكَةِ وَقَوْمُ تُبَّعٍ كُلٌّ كَذَّبَ الرُّسُلَ فَحَقَّ وَعِيدِ ﴿١٤﴾

15. আমি কি প্রথমবার সৃষ্টি করেই ক্লান্ত হয়ে পড়েছি? বরং তারা নতুন সৃষ্টির ব্যাপারে সন্দেহ পোষণ করেছে।

15. Were We then worn out by the first creation. But they are in doubt about a new creation.

أَفَعَيِينَا بِالْخَلْقِ الْأَوَّلِ بَلْ هُمْ فِي لَبْسٍ مِّنْ خَلْقٍ جَدِيدٍ ﴿١٥﴾

16. আমি মানুষ সৃষ্টি করেছি এবং তার মন নিভতে যে কুচিন্তা করে, সে সম্বন্ধেও আমি অবগত আছি। আমি তার গ্রীবাঙ্কিত ধমনী থেকেও অধিক নিকটবর্তী।

16. And indeed We created man and We know what his soul whispers to him, and We are nearer to him than his jugular vein.

وَلَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ وَنَعْلَمُ مَا تُوَسْوِسُ بِهِ نَفْسُهُ ۗ وَنَحْنُ أَقْرَبُ إِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيدِ ﴿١٦﴾

17. যখন দুই ফেরেশতা ডানে ও বামে বসে তার আমল গ্রহণ করে।

17. When the two receivers (angels) receive (him), seated on the right hand and on the left.

إِذْ يَتَلَقَّى الْمُتَلَقِّينَ عَنِ الْيَمِينِ وَعَنِ الشِّمَالِ قَعِيدٌ ﴿١٧﴾

18. সে যে কথাই উচ্চারণ করে, তাই গ্রহণ করার জন্যে তার কাছে সদা প্রস্তুত প্রহরী রয়েছে।

18. He does not utter any word but there is with him an observer, ever ready.

مَا يَلْفِظُ مِنْ قَوْلٍ إِلَّا لَدَيْهِ رَقِيبٌ عَتِيدٌ ﴿١٨﴾

19. মৃত্যুবরণ নিশ্চিতই আসবে। এ থেকেই তুমি টালবাহানা করতে।

19. And the agony of death has come with the truth. That is what you were trying to escape from.

وَجَاءَتْ سَكْرَةُ الْمَوْتِ بِالْحَقِّ
ذَلِكَ مَا كُنْتُمْ مِنْهُ تَجِيدُونَ

20. এবং শিঙ্গায় ফুঁৎকার দেয়া হবে এটা হবে ভয় প্রদর্শনের দিন।

20. And the trumpet is blown. That is the threatened Day.

وَنُفِخَ فِي الصُّورِ ذَلِكَ يَوْمِ
الْوَعْدِ

21. প্রত্যেক ব্যক্তি আগমন করবে। তার সাথে থাকবে চালক ও কর্মের সাক্ষী।

21. And every soul will come, with it a driver and a witness.

وَجَاءَتْ كُلُّ نَفْسٍ مَعَهَا سَائِقٌ
وَ شَهِيدٌ

22. তুমি তো এই দিন সম্পর্কে উদাসীন ছিলে। এখন তোমার কাছ থেকে যবনিকা সরিয়ে দিয়েছি। ফলে আজ তোমার দৃষ্টি সুতীক্ষ্ণ।

22. Indeed, you were in heedlessness of this. So We have removed from you your covering, so your sight, this day, is very sharp.

لَقَدْ كُنْتُمْ فِي غَفْلَةٍ مِّنْ هَذَا
فَكَشَفْنَا عَنْكَ غِطَاءَكَ
فَبَصَرُكَ الْيَوْمَ حَدِيدٌ

23. তার সঙ্গী ফেরেশতা বলবে: আমার কাছে যে, আমলনামা ছিল, তা এই।

23. And his companion (angel) will say, this is what I have ready (as testimony).

وَقَالَ قَرِينُهُ هَذَا مَا لَدَائِي
عِنْدِي

24. তোমরা উভয়েই নিষ্ফেপ কর জাহান্নামে প্রত্যেক অকৃতজ্ঞ বিরুদ্ধবাদীকে,

24. Cast into Hell every stubborn disbeliever.

الْقِيَا فِي جَهَنَّمَ كُلَّ كَفَّارٍ
عِنْدِي

25. যে বাধা দিত মঙ্গলজনক কাজে, সীমালঙ্ঘনকারী, সন্দেহ পোষণকারীকে।

25. Hinderer of good, transgressor, doubter.

مَنَاعٍ لِلْخَيْرِ مُعْتَدٍ مُّرِيبٍ

26. যে ব্যক্তি আল্লাহর সাথে অন্য উপাস্য গ্রহণ করত, তাকে তোমরা কঠিন শাস্তিতে নিষ্ফেপ কর।

26. He who had made up with Allah another god, so cast him into the severe punishment.

الَّذِي جَعَلَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ
فَأَلْقِيهِ فِي الْعَذَابِ الشَّدِيدِ

27. তার সঙ্গী শয়তান বলবে: হে আমাদের পালনকর্তা, আমি তাকে অবাধ্যতায় লিপ্ত করিনি। বস্তুত: সে নিজেই ছিল সুদূর পথভ্রান্তিতে লিপ্ত।

27. His (devil) companion will say: "Our Lord, I did not cause him to rebel, but he (himself) was in extreme error."

قَالَ قَرِينُهُ رَبَّنَا مَا أَطْعَيْتُهُ وَلَكِنْ
كَانَ فِي ضَلَالٍ بَعِيدٍ ﴿٧٧﴾

28. আল্লাহ বলবেন: আমার সামনে বাকবিতন্ডা করো না আমি তো পূর্বেই তোমাদেরকে আমার দ্বারা ভয় প্রদর্শন করেছিলাম।

28. He (Allah) will say: "Do not dispute in My presence. While I had already sent to you the threat."

قَالَ لَا تَخْتَصِمُوا لَدَيَّ وَقَدْ
قَدَّمْتُ إِلَيْكُمْ بِالْوَعِيدِ ﴿٧٨﴾

29. আমার কাছে কথা রদবদল হয় না এবং আমি বান্দাদের প্রতি জুলুমকারী নই।

29. "The word (decree) cannot be changed with me, nor am I unjust to My servants."

مَا يُبَدَّلُ الْقَوْلُ لَدَيَّ وَمَا أَنَا
بِظَلَّامٍ لِلْعَبِيدِ ﴿٧٩﴾

30. যেদিন আমি জাহান্নামকে জিজ্ঞাসা করব; তুমি কি পূর্ণ হয়ে গেছ? সে বলবে: আরও আছে কি?

30. The Day We shall say to Hell: "Have you been filled." And it will say: "Is there any more."

يَوْمَ نَقُولُ لِجَهَنَّمَ هَلِ امْتَلَأْتِ وَ
تَقُولُ هَلْ مِنْ مَزِيدٍ ﴿٨٠﴾

31. জান্নাতকে উপস্থিত করা হবে খোদাভীরুদের অদূরে।

31. And Paradise shall be brought near to the righteous, not far off.

وَأَزَلَّتِ الْجَنَّةُ لِلْمُتَّقِينَ غَيْرَ
بَعِيدٍ ﴿٨١﴾

32. তোমাদের প্রত্যেক অনুবাগী ও স্মরণকারীকে এরই প্রতিশ্রুতি দেয়া হয়েছিল।

32. This is what you were promised, to every such returning (to Allah), heedful.

هَذَا مَا تُوْعَدُونَ لِكُلِّ أَوَابٍ
حَفِيظٍ ﴿٨٢﴾

33. যে না দেখে দয়াময় আল্লাহ তা'আলাকে ভয় করত এবং বিনীত অন্তরে উপস্থিত হত।

33. Who feared the Beneficent, unseen, and came with a heart returning.

مَنْ خَشِيَ الرَّحْمَنَ الْغَيْبِ وَجَاءَ
بِقَلْبٍ مُنِيبٍ ﴿٨٣﴾

34. তোমরা এতে শান্তিতে
প্রবেশ কর। এটাই
অনন্তকাল বসবাসের জন্য
প্রবেশ করার দিন।

34. Enter it in peace.
This is the Day of
eternal life.

أَدْخُلُوهَا بِسَلَامٍ ذَلِكَ يَوْمُ
الْحُلُودِ ﴿٣٤﴾

35. তারা তথায় যা
চাইবে, তাই পাবে এবং
আমার কাছে রয়েছে আরও
অধিক।

35. They shall have
whatever they desire
therein, and with Us is
more.

لَهُمْ مَا يَشَاءُونَ فِيهَا وَلَدَيْنَا
مَزِيدٌ ﴿٣٥﴾

36. আমি তাদের পূর্বে বহু
সম্প্রদায়কে ধ্বংস করেছি,
তারা এদের অপেক্ষা অধিক
শক্তিশালী ছিল এবং দেশে-
বিদেশে বিচরণ করে
ফিরত। তাদের কোন
পলায়ন স্থান ছিল না।

36. And how many
a generation We
destroyed before them,
who were stronger
than these in power,
and they ransacked in
the lands. Is there any
place of refuge.

وَكَمْ أَهْلَكْنَا قَبْلَهُمْ مِنْ قَرْنٍ
هُمُ أَشَدُّ مِنْهُمْ بَطْشًا فَنَقَّبُوا فِي
الْبِلَادِ هَلْ مِنْ مَّخِيصٍ ﴿٣٦﴾

37. এতে উপদেশ রয়েছে
তার জন্যে, যার অনুধাবন
করার মত অন্তর রয়েছে।
অথবা সে নিবিষ্ট মনে শ্রবণ
করে।

37. Indeed, in that
there is a reminder for
every such who has a
heart, or who gives ear
(listens), and he is
present (heedful).

إِنَّ فِي ذَلِكَ لَذِكْرٍ لِمَنْ كَانَ لَهُ
قَلْبٌ أَوْ أَلْقَى السَّمْعَ وَهُوَ
شَاهِدٌ ﴿٣٧﴾

38. আমি নভোমন্ডল,
ভূমন্ডল ও এতদুভয়ের
মধ্যবর্তী সবকিছু ছয়দিনে
সৃষ্টি করেছি এবং আমাকে
কোনরূপ ক্লান্তি স্পর্শ
করেনি।

38. And certainly We
created the heavens and
the earth and what is
between them in six
days, and nothing of
fatigue touched Us.

وَلَقَدْ خَلَقْنَا السَّمَوَاتِ وَالْأَرْضَ
وَمَا بَيْنَهُمَا فِي سِتَّةِ أَيَّامٍ وَمَا
مَسَّنَا مِنْ لُغُوبٍ ﴿٣٨﴾

39. অতএব, তারা যা কিছু
বলে, তজ্জন্যে আপনি ছবর
করুন এবং, সূর্যোদয় ও
সূর্যাস্তের পূর্বে আপনার
পালনকর্তার সপ্রশংস
পবিত্রতা ঘোষণা করুন।

39. So bear with
patience over what they
say, and glorify your
Lord with His praise
before the rising of sun
and before its setting.

فَاصْبِرْ عَلَىٰ مَا يَقُولُونَ وَ سَبِّحْ
بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ
الشَّمْسِ وَقَبْلَ الْغُرُوبِ ﴿٣٩﴾

40. রাত্রির কিছু অংশে
তাঁর পবিত্রতা ঘোষণা
করুন এবং নামাযের
পশ্চাতেও।

40. And in the night
glorify Him and after
the prostrations.

وَمِنَ اللَّيْلِ فَسَبِّحْهُ وَأَدْبَارَ
السُّجُودِ ﴿٤٠﴾

41. শুন, যে দিন এক
আহ্বানকারী নিকটবর্তী
স্থান থেকে আহ্বান করবে।

41. And listen to the
Day when the caller
shall call out from a
nearby place.

وَأَسْتَمِعُ يَوْمَ يُنَادِ الْمُنَادِ مِنْ
مَّكَانٍ قَرِيبٍ ﴿٤١﴾

42. যেদিন মানুষ নিশ্চিত
সেই ভয়াবহ আওয়াজ
শুনতে পাবে, সেদিনই
পুনরুত্থান দিবস।

42. The Day they will
hear the blast in truth.
That is the Day of the
coming out of the dead.

يَوْمَ يَسْمَعُونَ الصَّيْحَةَ بِالْحَقِّ
ذَلِكَ يَوْمُ الْخُرُوجِ ﴿٤٢﴾

43. আমি জীবন দান করি,
মৃত্যু ঘটাই এবং আমারই
দিকে সকলের প্রত্যাবর্তন।

43. Indeed, It is We
who bestow life and
give death and to Us is
the journeying.

إِنَّا نَحْنُ نُحْيِي وَنُمِيتُ وَإِلَيْنَا
الْمَصِيرُ ﴿٤٣﴾

44. যেদিন ভূমন্ডল বিদীর্ণ
হয়ে মানুষ ছুটাছুটি করে
বেগে হয়ে আসবে। এটা
এমন সমবেত করা, যা
আমার জন্যে অতি সহজ।

44. On the Day the
earth shall split asunder
from them, rushing out
of it in haste. That is a
gathering easy for Us.

يَوْمَ تَشَقَّقُ الْأَرْضُ عَنْهُمْ
سِرَاعًا ذَلِكَ حَشْرٌ عَلَيْنَا
يَسِيرٌ ﴿٤٤﴾

45. তারা যা বলে, তা
আমি সম্যক অবগত আছি।
আপনি তাদের উপর
জোরজবরকারী নন।
অতএব, যে আমার শাস্তিকে
ভয় করে, তাকে
কোরআনের মাধ্যমে
উপদেশ দান করুন।

45. We know best of
what they say, and you
are not a tyrant over
them. So remind by the
Quran him who fears
My warning.

نَحْنُ أَعْلَمُ بِمَا يَقُولُونَ وَمَا أَنْتَ
عَلَيْهِمْ بِجَبَّارٍ ۖ فَذَكِّرْ بِالْقُرْآنِ
مَنْ يَنْجَاهُ وَعَيْدِ ﴿٤٥﴾

